দৈনিক জনকণ্ঠ

তারিখ 16 JUN 1995
পৃষ্ঠা ১০ কলাম ১

134

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক একাডেমিক ব্যবস্থা ঢেলে সাজানোর উদ্যোগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক একাডেমিক ব্যবস্থা ঢেলে সাজানোর উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের নতুন সিলেবাস চূড়ান্ত করা হয়েছে। অন্যান্য অনুষদের সিলেবাস প্রণয়নের কাজ চলছে। আগামী পহেলা জুলাই থেকে নতুন সিলেবাস অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বৃহস্পতিবার সমাজবিজ্ঞান অনুষদ ডীন একে মনোয়ারউদ্দীন এক সাংবাদিক সম্মেলনে নতুন সিলেবাস সম্পর্কে বক্তব্য রাখেন। এ সময় উপস্থিত ছিলেন অধ্যাপক আসাদুজ্জামান ও ডঃ শাহেদ আহমেদ।

সাংবাদিক সম্মেলনে ডঃ মনোয়ারউদ্দীন সমাজবিজ্ঞান অনুষদের সিলেবাস ও পরীক্ষা পদ্ধতি সম্পর্কে জানান, আগামী শিক্ষাবর্ষ থেকে সাবসিডিয়ারী ব্যবস্থা তুলে দেয়া হবে। ছাত্র-ছাত্রীদের বর্তমান ৯০০ নম্বরের পরিবর্তে ১৫০০ নম্বরের অনার্স পরীক্ষায় অংশ নিতে হবে। প্রথম বর্ষে ৪০০, দ্বিতীয় বর্ষে ৫০০ ও তৃতীয় বর্ষের জন্য ৬০০ নম্বর থাকবে। কলা অনুষদের সিলেবাসও হবে অনুরূপ। বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদেও নতুন সিলেবাস প্রণয়নের কাজ চলছে।

উল্লেখ্য, এক যুগ আগে প্রবর্তিত হয়েছিল কোর্স পদ্ধতি। এ পদ্ধতির অধীনে সাবসিডিয়ারী ব্যবস্থা সবচেয়ে বেশি সমালোচনার সম্মুখীন হয়। এদিকে সমন্বিত কোর্স পদ্ধতি চালু করার পাশাপাশি কর্তৃপক্ষ আরও কিছু বিষয়ের দিকে লক্ষ্য দিচ্ছেন। বিভাগসমূহের ওপর পরীক্ষা নেয়া ও ফল প্রকাশের দায়িত্ব দেয়া হবে। এছাড়া বর্তমান তিন বছর মেয়াদী অনার্স কোর্স '৯৬ সাল থেকে চার বছর করা হবে। উল্লেখ্য, বিশ্বের অন্যান্য বিশ্ববিদ্যালয়ে অনার্স কোর্স চার বছরে সম্পন্ন হয়।